



## বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

### Workshop on Preparation for Accreditation: Documentation and Evidence at Premier University, Chittagong (12<sup>th</sup> May 2024)

অ্যাকাডেমিক প্রোগ্রামের অ্যাক্রেডিটেশনের অভিপ্রায় ব্যক্ত করায় ১২ই মে ২০২৪ খ্রি তারিখে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের আয়োজনে প্রিমিয়ার ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয়েছেঃ “Preparation for Accreditation: Documentation and Evidence” বিষয়ক কর্মশালা। কর্মশালায় উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস. এম. কবীর এবং অ্যাক্রেডিটেশন বিভাগের পরিচালক প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ। কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য একুশে পদক প্রাপ্ত শিক্ষাবিদ প্রফেসর ড. অনুপম সেন। কর্মশালার প্রথম পর্ব কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস. এম. কবীর এর সভাপতিত্বে এবং পরিচালক প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদের ধন্যবাদ প্রস্তাবের মাধ্যমে শেষ হয়। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ড. এস. এম. কবীর। তিনি অ্যাক্রেডিটেশন পদ্ধতি এবং এতদসংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন ডকুমেন্ট এবং প্রমাণক সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। কর্মশালার প্রমোভের পর্বে ইউনিভার্সিটির রেজিস্ট্রার, আইকিউএসির পরিচালক এবং সংশ্লিষ্ট শিক্ষকমন্ডলী অ্যাক্রেডিটেশন আবেদনের প্রস্তুতি সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রশ্ন করেন এবং কর্মশালার মূল প্রবন্ধ উপস্থাপক তাদের সকল প্রশ্নের প্রেক্ষিতে বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করেন।





# বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)

